

বিএম কলেজের অধ্যক্ষকে আত্মসাৎকৃত টাকা ফেরত দেয়ার নির্দেশ

জেলা বার্তা পরিবেশক বরিশাল

অত্রসং করা ৯ লাখ টাকা আগামী ডিসেম্বর মাসের মধ্যে ফেরত দিতে বরিশাল ব্রজমোহন (বিএম) কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর ড. ননী গোপাল দাসকে নির্দেশ দেয়া হয়েছে। এ সময়ের মধ্যে টাকা ফেরত দেয়া না হলে তার পেনশনের টাকা আটকে দেয়া হবে। শিক্ষা মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে এ জানানো হয়েছে।

বিএম কলেজের অধ্যক্ষ প্রফেসর মো. ফজলুল হক এ বিজ্ঞপ্তির কপি পাওয়ার সত্যতা নিশ্চিত করে সাংবাদিকদের জানান, সর্বশেষ গত জুলাইতে মন্ত্রণালয় থেকে সর্বশেষ চিঠি দেয়া হয়েছে। সাবেক অধ্যক্ষ ড. ননী গোপাল দাস ইতোমধ্যে ৪০ হাজার টাকা জমাও দিয়েছেন। তিনি আগামী ৩১ ডিসেম্বরে যাবেন। তার আগে টাকা পরিশোধ করা না হলে সাবেক অধ্যক্ষের পেনশনের টাকা আটকে দেয়া হবে মন্ত্রণালয়ের চিঠিতে উল্লেখ করা হয়েছে।

উল্লেখ্য, ২০১২ সালে শিক্ষা মন্ত্রণালয়ের একটি নির্দেশক নম্ব বিএম কলেজে অডিট করে অধ্যক্ষ কর্তৃক ৯ লাখ টাকা আত্মসাৎের প্রমাণ পেয়েছে। তার মধ্যে ৫ লাখ টাকা তৎকালীন অধ্যক্ষ ড. ননী গোপাল দাস এবং অর্ধশতা ৪ লাখ টাকা স্টাফ কাউন্সিলের জতিপন্ন নেতারা আত্মসাৎ করেছেন। তখন ড. ননী গোপাল অধ্যক্ষ পদে বহাল থাকায় বিষয়টি খামাচাচা পাড়ে যায়। গত ডেপুটিয়ারিতে ড. ননী গোপাল দাসকে প্রথমে খুলনা বিএল কলেজে বদলি এবং এ নিয়ে বরিশালে অনাকাঙ্ক্ষিত ও অপ্রীতিকর ঘটনার পর তাকে ওএসডি করা হয়েছে। এখনও তিনি ওএসডি রয়েছেন।